# 📖 রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

## হাদিস নাম্বারঃ ৯৪০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৯৩৫]

৬/ রোগীদর্শন ও জানাযায় অংশগ্রহণ (كتاب عيادة المريض وتشييع الميت والصلاة عليه وحضور دفنه المكث عند قبره بعد دفنه)

পরিচ্ছেদঃ ১৫৭: জানাযার নামাযে যে সব দো'আ পড়া হয়

(157) بَابُ مَا يُقْرَأُ فِيْ صَلاَةِ الْجَنَازَةِ

আরবী

عَن أَبي عَبدِ الرَّحمَانِ عَوفِ بنِ مَالِكٍ رضي الله عنه، قَالَ: صَلَّى رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم عَلَى جَنازَةٍ، فَحَفِظْتُ مِنْ دُعَائِهِ، وَهُوَ يَقُولُ: « اَللّٰهُمَّ اغْفِرْ لَهُ وَارْحَمْهُ، وَعَافِهِ وَاعْفُ عَنْهُ، وَأَكْرِمْ نُزُلَهُ، وَوَسِّعْ مُدْخَلَهُ، وَاغْسِلْهُ بِالمَاءِ وَالثَّلْجِ وَالبَرَدِ، وَنَقِّهِ مِن الخَطَايَا كَمَا نَقَّيْتَ الثَّوْبَ الأَبْيَضَ مِنَ الدَّنَس، وَأَبدِلْهُ دَاراً خَيْراً مِنْ دَارِهِ، وَأَهْلاً خيراً مِنْ أَهْلِهِ، وَزَوْجاً خَيْراً مِنْ زَوْجِهِ، وَأَدْخِلهُ الجَنَّةَ، وَأَعِذْهُ مِنْ عَذَابِ القَبْرِ، وَمِنْ عَذَابِ النَّارِ ». حَتَّى تَمَنَّيتُ أَنْ أَكُونَ أَنَا ذَلِكَ الْمَيِّت . رواه مسلم

বাংলা

জানাযার নামাযে চার তকবীর বলবে। প্রথম তকবীরের পর 'আউযু বিল্লাহ' পড়ে সূরা ফাতিহা পড়বে। অতঃপর দ্বিতীয় তকবীর বলে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর প্রতি দরূদ পড়বে। বলবে, 'আল্লাহুম্মা স্বাল্লি আলা মুহাম্মাদ, অআলা আ-লি মুহাম্মাদ।' উত্তম হল 'কামা স্বাল্লাইতা আলা ইবরা-হীমা অ আলা আ-লি ইবরা-হীম, ইন্নাকা হামীদুম মাজীদ' পর্যন্ত পুরো পড়া। অধিকাংশ সাধারণ লোকের মত শুধু (সূরা আহযাবের ৫৬নং) এই আয়াতটি 'ইন্নাল্লাহা অমালাইকাতাহু ইউস্বাল্লূনা আলান নবী' যেন না পড়ে। কারণ, এইটুকু পড়েই যথেষ্ট করলে নামায শুদ্ধ হবে না।

অতঃপর তৃতীয় তকবীর বলে মৃতের এবং সকল মুসলিমের জন্য যে সমস্ত দো'আ পড়বে সে সম্পর্কিত একাধিক হাদীস আমি পরবর্তীতে বর্ণনা করব—ইন-শাআল্লাহু তা'আলা। পুনরায় চতুর্থ তকবীর বলবে এবং দো'আ করবে। এখানে সর্বোত্তম দো'আর মধ্যে এটি একটি, 'আল্লা-হুম্মা লা তাহরিমনা আজরাহু অলা তাফতিন্না বা'দাহ, অগফির লানা অ লাহ।'

চতুর্থ তকবীরের পর লম্বা দো'আ করা পছন্দনীয়, অথচ অধিকাংশ লোকের এর বিপরীত অভ্যাস রয়েছে। এ ব্যাপারে ইবনে আবী আওফা রাদিয়াল্লাহু 'আনহু হতে প্রমাণিত আছে, যা পরবর্তীতে উল্লেখ করব---ইন-শাআল্লাহু

তা’আলা।

পক্ষান্তরে তৃতীয় তকবীরের পর যে দো’আগুলি প্রমাণিত আছে তার মধ্যে কিছু নিম্নরূপঃ-

---

১/৯৪০। আবূ আব্দুর রহমান আওফ ইবনে মালেক রাদিয়াল্লাহু ’আনহু বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক জানাযায় নামায পড়লেন। আমি তাঁর দো’আ মুখস্থ করে ফেললাম। সে দো’আ হল এইঃ-

’আল্লা-হুম্মাগফির লাহু অরহামহু অ’আ-ফিহী অ’ফু ’আনহু অআকরিম নুযুলাহু অঅসসি’ মুদখালাহু, অগসিলহু বিলমা-ই অসসালজি অল-বারাদ। অনাক্কিহী মিনাল খাত্বায়্যা কামা নাক্কাইতাস সাউবাল আবয়্যাদা মিনাদ দানাস। অ আবদিলহু দা-রান খাইরাম মিন দা-রিহী অ আহলান খাইরাম মিন আহলিহী অযাওজান খাইরাম মিন যাওজিহ। অ আদখিলহুল জান্নাতা অ আ’ইযহু মিন ’আযা-বিল ক্বাবরি অমিন ’আযা-বিন্নার।’

অর্থ- হে আল্লাহ! তুমি ওকে ক্ষমা করে দাও এবং ওকে রহম কর। ওকে নিরাপত্তা দাও এবং মার্জনা করে দাও, ওর মেহেমানী সম্মানজনক কর এবং ওর প্রবেশস্থল প্রশস্ত কর। ওকে তুমি পানি, বরফ ও শিলাবৃষ্টি দ্বারা ধৌত করে দাও এবং ওকে গোনাহ থেকে এমন পরিষ্কার কর, যেমন তুমি সাদা কাপড় ময়লা থেকে পরিষ্কার করেছ। আর ওকে তুমি ওর ঘর অপেক্ষা উৎকৃষ্ট ঘর, ওর পরিবার অপেক্ষা উত্তম পরিবার, ওর জুড়ী অপেক্ষা উৎকৃষ্ট জুড়ী দান কর। ওকে জান্নাতে প্রবেশ করাও এবং কবর ও জাহান্নামের আযাব থেকে রেহাই দাও।

(বর্ণনাকারী সাহাবী আউফ ইবন মালেক রাদিয়াল্লাহু ’আনহু বলেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে যখন এই দো’আ বলতে শুনলাম) তখন আমি এই কামনা করলাম যে, যদি আমি এই মাইয়্যেত হতাম! (মুসলিম) [1]

## English

(157) Chapter: Supplications in Funeral Prayers

To pronounce four Takbir (saying Allahu Akbar) in the funeral prayer. After the first Takbir, after saying A`udhu billahi minash-Shaitanir-rajim, recite Surat Al-Fatihah. After the second Takbir, send Salam [Allahumma Salli `ala Muhammadin wa `ala ali Muhammadin kama sallaita `ala Ibrahima wa `ala ali Ibrahima, innaka Hamidun Majid. Allahumma barik `ala Muhammadin wa `ala ali Muhammadin, kama barakta `ala Ibrahima, wa `ala ali Ibrahima, innaka Hamidun Majid. Then after the third Takbir, invoke supplication for the deceased and for the Muslims as we will mention later on, in sha' Allah. After the fourth Takbir, supplicate Allah. (Some of the supplications of the Messenger of Allah (PBUH), which are to be recited after the third Takbir are mentioned in the following Ahadith:)

Abu 'Abdur-Rahman 'Auf bin Malik (May Allah be pleased with him) reported: The Messenger of Allah (ﷺ) offered a funeral prayer and I memorized his supplication. He (ﷺ) prayed: "Allahummaghfir lahu, warhamhu, wa 'afihi, wa'fu 'anhu, wa akrim nuzulahu, wa wassi' mudkhalahu, waghsilhu bil-ma'i wath-thalji wal-baradi, wa naqqihi minal-khataya, kama naqqaytath-thawbal-abyada minad-danasi, wa abdilhu daran khairan min darihi, wa ahlan khairan min ahlihi, wa zawjan khairan min zawjihi, wa adkhilhul-Jannata, wa a'idh-hu min 'adhabil- qabri, wa min 'adhabin-nar [if the dead person is a woman, one should change the ending of certain words in this supplication from hu to ha] (O Allah! Forgive him, bestow mercy upon him, pardon him, accord him a noble provision and make his grave spacious, wash him with water, snow and hail, purify him from sins as You have purified the white garment from soiling, give him a better abode in place of his present one, and a better family in exchange of his present one, and a better spouse in place of his present wife; admit him to Jannah and protect from the trial in the grave and punishment in the Hell)." (After hearing this supplication of the Messenger of Allah (ﷺ), Abu' Abdur-Rahman 'Auf bin Malik (May Allah be pleased with him) said: I wished I had been that dead man.

[Muslim].

## ফুটনোট

[1] মুসলিম ৯৬৩, তিরমিযী ১০২৫, নাসায়ী ১৯৮৩, ১৯৮৪, ইবনু মাজাহ ১৫০০, আহমাদ ২৩৪৫৫, ২৩৪৮০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আউফ ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=23973

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন